গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
নোয়াখালী।
Web : http://cooparative.noakhali.gov.bd/
E-mail : dco.noakhali@yahoo.com
Facebook : www.facebook.com/cooperative.noakhali

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## জুলাই ০১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

**জেলা সমবায় অফিসার, নোয়াখালী**

এবং

**যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম।**

# সূচিপত্র:

জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র....৩
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য: ....৩
সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ....৩
ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ....৪
২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ ....৪
উপক্রমণিকা....৫
সেকশন ১: জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী....৬
১.১ রূপকল্প :....৬
১.২ অভিলক্ষ্য:....৬
১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:....৬
১.৩.১ জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্যসমূহ: ....৬
১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য: ....৬
১.৪ কার্যাবলি: ....৬
সেকশন ২ : জেলা সমবায় কার্যালয় নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ....৮
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ....৯
সংযোজনী -১ : শব্দ সংক্ষেপ....১২
সংযোজনী - ২: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ ....১৩
সংযোজনী - ৩ :অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ .... ১৫

## সমবায় অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### *জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর বিগত ০৩ বছরের অর্জিত সাফল্য :*

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় দপ্তর, নোয়াখালী বিগত ০৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরো গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পন্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধন/১৩) এর আলোকে এই জেলায় সেবাধর্মী সমবায় সমিতি গঠন, সমবায় সমিতি নিবন্ধন বাতিল, বার্ষিক নিরীক্ষা সম্পন্ন করা, নিরীক্ষা ফি আদায়, সিডিএফ আদায়, ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান, নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, টেষ্ট অডিট সম্পাদন, টেষ্ট অডিটের আলোকে সমিতি/দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, সমবায় সমিতির নির্বাচন, নির্বাচনী আপীল/বিরোধ নিষ্পত্তি ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন রয়েছে। বিগত তিন অর্থ বছরে মোট ৯৬ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ২১২০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ১৩৩৭ টি সমবায় সমিতির নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়েছে। ২১,৫২,৬১০/- টাকা অডিট ফি ও ২,১২,৬৪০/- টাকা অডিট ফি এর উপর ভ্যাট হিসাবে এবং ৩৬,৮০০/- টাকা নিবন্ধন ফি ও ৫,৫৩৬/- টাকা নিবন্ধন ফি এর উপর ভ্যাট ও ১২,৯৯,১৮৩/- টাকা সিডিএফ আদায় করে যথাযথভাবে পরিশোধ করা হয়েছে। এছাড়া ২,৩৫০ জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হযেছে এবং ২৩৫ জন সমবায়ীকে বাংলাদেশ সমবায় একাডেমীতে, ১৮৯ জন সমবায়ীকে আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, ফেনীতে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করে স্বাবলম্বী হিসাবে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প "ফ্যামিলী ওয়েলফেয়ার প্রকল্প" এর মাধ্যমে ২৭ জন সমবায়ীকে ৩,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। সমবায় সমিতির মাধ্যমে ৮৮৫ জন প্রত্যক্ষ এবং ১৮৯৫ জন পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে।

বিগত তিন বছরে ২৬ টি দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির মাধ্যমে ২২০ জন মহিলা ও বেকার যুবককে দুগ্ধ উৎপাদনের সাথে সম্পৃক্ত করা হয়েছে। উক্ত ২৬ টি সমবায় সমিতির মাধ্যমে দৈনিক প্রায় ২০০০ লিটার দুগ্ধ উৎপাদন করা হচ্ছে। ০৮ টি মহিলা সমবায় সমিতির মাধ্যমে ১১১ জন মহিলা সদস্যকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করে তোলা হচ্ছে। এই সকল সমবায় সমিতিতে নারীরাই নেতৃত্ব দিয়ে আসছে। এতে নারীর ক্ষমতায়ন বেগবান হচ্ছে এবং সামাজিক সমস্যাসমূহ (যেমন : যৌতুক, নারী নির্যাতন) পর্যায়ক্রমে হ্রাস পাচ্ছে। এছাড়াও "রূপকল্প ২০২১", "এসডিজি" অর্জন এবং সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

একটি উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে জেলা সমবায় দপ্তরের কাজ বাস্তবায়নে নানাবিধ চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়। এই জেলায় নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় (কেন্দ্রীয় সহ) ১২৬৪ টি ও বিআরডিবি ভুক্ত (কেন্দ্রীয় সহ) ১১৪০ টি। নানা শ্রেণী ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ সমবায় সমিতিগুলোকে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সমিতির সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায় হিসাবে গড়ে তোলা বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী।
টেকসই উন্নয়ন বৈশ্বিক পরিবর্তনের সাথে টিকে থাকার চ্যালেঞ্জে দেশকে মধ্যবর্তী আয়ের দেশে রূপান্তর ইত্যাদি চ্যালেঞ্জ বাস্তবায়নে সমিতির সদস্যদের কর্মক্ষমতা সমান নয়। কিন্তু প্রয়োজনীয়

জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ ও প্রযুক্তিগত সীমাবদ্ধতার জন্য এই সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। যে সকল উপজেলায় আশ্রয়ণ প্রকল্প রয়েছে সেখানে বিদ্যমান জনবল দ্বারা কাঙ্খিত সেবা প্রদানে বিঘ্ন ঘটে। তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

### *ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ*

এই জেলায় সমবায় সমিতি সমূহের গুণগত মান উন্নয়ন এবং সমিতির সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। সে প্রেক্ষিতে অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতি সমূহকে পুনঃকার্যকর করার পদক্ষেপ গ্রহণ, কার্যকর না হলে নিবন্ধন বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্মকর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সেবা সহজীকরণের জন্য প্রতি সপ্তাহে ০১ দিন গণশুনানী গ্রহণ এবং ইউনিয়ন পর্যায়ে সমবায় সমিতির তথ্য প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি, উদ্যোক্তা সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানের পথ সুগম করা।

সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি, উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা। দুগ্ধ সমবায় সমিতির সংখ্যা বৃদ্ধি এবং এই জেলাকে দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করে তোলার কার্যক্রম এগিয়ে নেওয়া। সমবায়ের মাধ্যমে মহিলাদের প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস, নারীর ক্ষমতায়ন ও নেতৃত্বের বিকাশ এবং সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মানোন্নয়নে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করা।

### *২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ*

- ১৮ টি উৎপাদনমুখী সমবায় সংগঠন করা;
- ৭৫ টি অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিল করা;
- ৯০৪ জনকে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক ১০০% সমবায়ের নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা;
- আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত করা হবে ৪২ জন মহিলাকে;
- দুগ্ধ সমিতির উৎপাদন দৈনিক ২০০০ লিটার হতে ২২০০ লিটারে উন্নীত করা;

## উপক্রমণিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর পক্ষে
জেলা সমবায় কর্মকর্তা, নোয়াখালী

এবং
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর
বিভাগীয় সমবায় কার্যালয় এর পক্ষে
যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম

এর মধ্যে

২০১৭ সালের ০৮ জুন তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
(২০১৭-১৮) স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১: জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### *১.১ রূপকল্প :*

টেকসই উন্নয়নে সমবায়

### *১.২ অভিলক্ষ্য:*

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### *১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:*

### ১.৩.১ জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
৩. উদ্ভাবনকে প্রাতিষ্ঠানিক রূপদান;
৪. স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব সমবায় পণ্য উৎপাদন, ব্রান্ডিং এবং বাজারজাতকরণের জন্য অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা গড়ে তোলা;
৫. মহিলা সমবায়ীদের কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি ।
৬. সমবায়ের মাধ্যমে মানবিক উন্নয়ন।

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:

১. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মান উন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদনের চুক্তি বাস্তবায়ন;
৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন;
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৫. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৬. কর্মপরিবেশ উন্নয়ন;
৭. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### *১.৪ কার্যাবলি:*

১. কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে সমবায় গঠনে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;
২. নিবন্ধিত সমবায় সমিতির নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে গুণগত মান উন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায়ীদের ডিসপুট ও আপীল মামলা নিষ্পত্তিকরণের মাধ্যমে সমবায় কার্যক্রমকে জোরদার ও গতিশীল করা;
৪. সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা;

৫. সমবায় আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে সমবায়ের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা;
৬. উদ্ভাবনের মাধ্যমে সেবা প্রক্রিয়া সহজীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও সফল উদ্ভাবনকে প্রাতিষ্ঠানিক রূপদান;
৭. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা এবং উদ্যোক্তা সৃষ্টি করা;
৮. সমবায়ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;
৯. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;
১০. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রনয়ন ও বাস্তবায়নে সমবায় অধিদপ্তরকে সহযোগিতা করা;

****

## সেকশন ২ : জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### মোট মান: ৮০

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weightof Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্র/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/ Criteria Value for FY 2017-2018) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | ২০ | [১.১] নিবন্ধন প্রদান | [১.১.১] প্রাক-নিবন্ধন অবহিতকরন সভা | সংখ্যা | ১০ | ১৪ | ২৬ | ৩৫ | ৩২ | ২৯ | ২৬ | ২০ | ৪৪ | ৫৪ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তি | হার (শতকরা) | ১০ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| [২]. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ; | ৪০ | [২.১] সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা | [২.১.১] যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান নিশ্চিতকরন | সংখ্যা | ৪ | ২২৮ | ১৩৩ | ১২৭ | ১১৪ | ১০০ | ৯২ | ৭৭ | ১৪০ | ১৬০ |
| | | | [২.১.২] যথাসময়ে এজিএম আয়োজন নিশ্চিতকরন | সংখ্যা | ৪ | ৪৩০ | ৩৯৩ | ৩৭৭ | ৩৪৪ | ৩১৩ | ২৮১ | ২৫৪ | ৩৮৪ | ৩৯৮ |
| | | | [২.১.৩] সক্রিয় সমিতির বার্ষিক হিসাব বিবরনী প্রাপ্তি নিশ্চিতকরন | সংখ্যা | ৪ | ৪৪২ | ৪৩২ | ৩৬৩ | ৩৪০ | ৩২১ | ৩০১ | ২৭৭ | ৩৭৫ | ৩৮৮ |
| | | [২.২] পরিদর্শন ও নিরীক্ষা | [২.২.১] পরিদর্শন | সংখ্যা | ৪ | ২৭৫ | ৩৩৮ | ৪৫৬ | ৪১৬ | ৩৭৬ | ৩৩৮ | ৩০০ | ৪২২ | ৪৫৪ |
| | | | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | সংখ্যা | ৪ | ১৫৭৭ | ১৩৩৭ | ১২৭৮ | ১১৫০ | ১০২২ | ৮৯৪ | ৭৬৬ | ১২৬০ | ১২৭০ |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] ধার্যের বিপরীতে নিরীক্ষা ফি আদায় | লক্ষ টাকা | ৪ | ৬.৯৬ | ৬.৭৮ | ৫.৮৩ | ৫.৭৩ | ৫.৬৩ | ৫.৫৩ | ৫.৪৩ | ৫.৯৩ | ৬.০৩ |
| | | | [২.৩.২] ধার্যের বিপরীতে সমবায় উন্নয়ন তহবিল আদায় | লক্ষ টাকা | ৪ | ৫.০৬ | ৩.৮৬ | ৫.০৮ | ৪.৯৮ | ৪.৮৮ | ৪.৭৮ | ৪.৬৮ | ৪.০৮ | ৪.১৮ |
| | | [২.৪] কর্মসংস্থান সৃষ্টি | [২.৪.১] সমবায় সংগঠনে বেতনভুক্ত কর্মচারি | জন | ৪ | ১৫৭ | ১৩৪ | ১২৫ | ১১১ | ৯৮ | ৮৭ | ৭৩ | ১২৬ | ১৪৩ |
| | | | [২.৪.২] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (পুরুষ) | জন | ৪ | ১৬১৩ | ১০৭৫ | ১২৬৪ | ১১৭৭ | ১০৬৯ | ৯৬১ | ৮৫৫ | ১১৮১ | ১২৯৯ |
| | | | [২.৪.৩] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (মহিলা) | জন | ৪ | ২০৫ | ১৯১ | ২২১ | ২০২ | ১৮৫ | ১৬৯ | ১৪১ | ২২০ | ২৪৯ |
| [৩] দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন; | ২০ | [৩.১] প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] সমবায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ (পুরুষ) | জন | ৫ | ৯৭৭ | ৫৯২ | ৬৬৫ | ৬৩৫ | ৬০৫ | ৫৯৫ | ৫৮০ | ৭০৫ | ৭৫০ |
| | | | [৩.১.২] সমবায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ (মহিলা) | জন | ৫ | ১২৩ | ১০৮ | ৮৫ | ৬৫ | ৪৫ | ৩০ | ২০ | ৯৫ | ১০০ |
| | | | [৩.১.৩] সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী প্রেরণ | জন | ১০ | ১৩৯ | ১৩০ | ১৫৪ | ১৪৬ | ১৩৮ | ১৩০ | ১২০ | ১৬৪ | ১৭৮ |

# জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

**মোট মান: ২০**

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা মান-২০১৭-১৮ (Target Value -2017-2018) | | | | |
| | | | | | | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বাষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বাষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বাষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বাষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবাষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২১ জানুয়ারী | ২২ জানুয়ারী |
| কার্যপদ্ধতি কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ SIP- সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ০৪ জানুয়ারী | ১১ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ৩১ জানুয়ারী |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা মান-২০১৭-১৮ (Target Value -2017-2018) | | | | |
| | | | | | | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫৯ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ০১ ফেব্রুয়ারী | ১৫ ফেব্রুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫ | ০১ ফেব্রুয়ারী | ১৫ ফেব্রুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সঙক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন করা | প্রশিক্ষণের সময় | জন ঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদ করণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি জেলা সমবায় অফিসার, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর পক্ষে যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম এর পক্ষে জেলা সমবায় অফিসার, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তাকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

| | |
|---|---|
| জেলা সমবায় কর্মকর্তা<br>জেলা সমবায় কার্যালয়<br>নোয়াখালী। | তারিখ |

| | |
|---|---|
| যুগ্ম নিবন্ধক,<br>বিভাগীয় সমবায় কার্যালয়<br>চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। | তারিখ |

## সংযোজনী - ১ : শব্দ সংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |
| ২ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৩ | বিসিএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৪ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ৫ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিক্স |
| ৬ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৭ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |

# সংযোজনী – ২: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| [১.১] নিবন্ধন প্রদান | [১.১.১] প্রাক-নিবন্ধন অবহিতকরন সভা | সমবায় সম্পর্কে ধারণা প্রদানের জন্য আয়োজিত নিবন্ধনপূর্ব অবহিতকরণ সভা | উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর | ত্রৈমাসিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তি | সমবায় সমিতি আইন, ২০০১ এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর আওতায় নিবন্ধন লাভের জন্য সমবায়ী কর্তৃক দাখিলকৃত নিবন্ধন আবেদন শতভাগ নিষ্পত্তি করা। | উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর | ত্রৈমাসিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| [২.১] সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা | [২.১.১] যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান | আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা, নির্বাচন করা সম্ভব না হলে আইন মোতাবেক অন্তর্বর্তী কমিটি গঠন করা | উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর | ত্রৈমাসিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.১.২] যথাসময়ে এজিএম আয়োজন | আইন ও বিধি মোতাবেক এজিএম অনুষ্ঠান নিশ্চিত করা | উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর | ত্রৈমাসিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.১.৩] কার্যকর সমিতির বার্ষিক হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিতকরন | আইন ও বিধি মোতাবেক বার্ষিক হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা | উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর | ত্রৈমাসিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| [২.২] পরিদর্শন ও নিরীক্ষা | [২.২.১] পরিদর্শন | সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ মোতাবেক নিবন্ধিত সমবায় এর পরিদর্শন। | উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর | ত্রৈমাসিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.২.২] নিরীক্ষা সম্পাদন | সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ মোতাবেক নিবন্ধিত ও নিরীক্ষাযোগ্য সকল সমবায় এর নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত। ১২৩৪৯ টি সমবায় এর নিরীক্ষা সম্পাদনের জন্য লক্ষ্যমাত্রা শতকরা হার অনুযায়ী নির্ধারণ করা হয়েছে | উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর | ত্রৈমাসিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] ধার্যের বিপরীতে নিরীক্ষা ফি আদায় | ধার্যকৃত নিরীক্ষা ফি ৩০ জুন তারিখের ভিতর শতভাগ আদায় | উপজেলা সমবায় কার্যালয় | ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.৩.২] ধার্যের বিপরীতে সমবায় উন্নয়ন তহবিল আদায় | ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল ৩০ জুন তারিখের ভিতর শতভাগ আদায় | উপজেলা সমবায় কার্যালয় | ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| [২.৪] কর্মসংস্থান সৃষ্টি | [২.৪.১] সমবায় সংগঠনে বেতনভুক্ত কর্মচারি | সমবায় সংগঠনের কর্মনিষ্পন্নের জন্য সরাসরি সৃষ্ট কর্মসংস্থান | উপজেলা সমবায় কার্যালয় | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি সমবায় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.৪.২] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান পুরুষ | সমবায় সংগঠনের কার্যক্রমের মাধ্যমে পুরুষ সমবায়ী/সুবিধাভোগীদের স্ব-কর্মসংস্থান | উপজেলা সমবায় কার্যালয় | সমবায় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.৪.৩] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান মহিলা | সমবায় সংগঠনের কার্যক্রমের মাধ্যমে মহিলা সমবায়ী/সুবিধাভোগীদের স্ব-কর্মসংস্থান | উপজেলা সমবায় কার্যালয় | উন্নয়ন প্রকল্পসমূহের প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |
| [৩.১] প্রশিক্ষণ প্রদান | [৩.১.১]সমবায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ (পুরুষ) | উপজেলা সমবায় অফিস কর্তৃক আয়োজিত সমিতি পর্য্যায়ে সমবায় বিষয়ক অবহিতকরণ প্রশিক্ষণ পুরুষদের | উপজেলা সমবায় কার্যালয় | ত্রৈমাসিক প্রতিবেদন ও বার্ষিক প্রতিবেদন | প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহপ্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.১.২]সমবায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ (মহিলা) | উপজেলা সমবায় অফিস কর্তৃক আয়োজিত সমিতি পর্য্যায়ে সমবায় বিষয়ক অবহিতকরণ প্রশিক্ষণ মহিলাদের | উপজেলা সমবায় কার্যালয় | ত্রৈমাসিক প্রতিবেদন ও বার্ষিক প্রতিবেদন | প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহপ্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত তথ্যের সমষ্টি |
| | [২.১.৩] সমবায়ী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে প্রশিক্ষণার্থী প্রেরণ | সমবায়ী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটও বাংলাদেশ সমবায় একাডেমিতে প্রশিক্ষণার্থী প্রেরণ | উপজেলা সমবায় কার্যালয় | ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি |

## সংযোজনী - ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তা সমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সরকারি | বিআরডিবি | [২.১.১] নিরীক্ষা সম্পাদন | বিআরডিবি ভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | নিবন্ধিত সমবায় সমূহের মধ্যে ১১২৬ টি সমবায় বিআরডিবি আওতাভুক্ত। উক্ত সমবায় সমূতের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| বেসরকারী | কাল্ব | [২.১.১] নিরীক্ষা সম্পাদন | কাল্বভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | কাল্বভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব কাল্ব কর্তৃপক্ষের। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| সরকারি | কৃষি সম্প্রসারণ/ প্রাণি সম্পদ অধিদপ্তর | [২.১.২] নিরীক্ষা সম্পাদন | সিআইজিভুক্ত সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | কৃষি সম্প্রসারণ ও প্রাণি সম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত নিবন্ধিত সিআইজি সমবায় সমিতিগুলোর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরূপ প্রভাব |
| সরকারি | এলজিইডি | [২.১.৩] নিরীক্ষা সম্পাদন | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | এলজিইডি এর অধীনে প্রকল্পভুক্ত পাবসস এর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরূপ প্রভাব |

***সমাপ্ত***